দর্শনায় বাসের সীটের নীচ থেকে ৯ হাজার ৪ পিচ ইয়াবা উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনায় ৬ বিজিবি মাদক বিরোধী অভিযান চালিয়ে বাসের সিটের নীচ থেকে ৯ হাজার ৪শ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে। তবে আটক করতে পারেনী কোন চোরাচালানীকে।

জানাযায় গতকাল শনিবার দুপুর সাড়ে ১২ টার দিকে দর্শনা ফিলিং ষ্টেশনের সামনে দর্শনা – জীবননগর মহাসড়কে উপর অভিযান চালায়।

এ সময় দর্শনা ৬ বিজিবির দর্শনা আইসিপি বিওপি কমান্ডার সুবেদার মোঃ নওশের আলী সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় শাপলা পরিবহনের সুগন্ধা একটি বাসে। চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত সীমান্তের মেইন পিলার ৭৬ হতে আনুমানিক ০৫ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে আকন্দবাড়ীয়া তেলের পাম্পের নিকট।

এ সময় বিজিবি ওৎ পেতে থাকে বসটি চ্যালেঞ্জ করে তল্লাসী করে বাসে থাকা প্লাষ্টিকের ব্যাগ খুলে মালিকবিহীন অবস্থায় ৯হাজার ৪শ পিস ভারতীয় ইয়াবা ট্যাবলেট আটক করতে সক্ষম হয়। তবে এ ঘটনায় বিজিবি কোন চোরাচালানীকে আটক করতে পারেনী।

দর্শনায় ফেনসিডিলসহ শ্যামপুর গ্রামের অনিক বিশ্বাস গ্রেফতার

দর্শনায় ফেনসিডিল সহ অনিক বিশ্বাস (২২) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেছে থানা পুলিশ। গত শুক্রবার রাত পৌনে ১২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে, এস আই রাম প্রসাদ ও এ এস আই তুহিন হোসেন সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা পুরাতন রাজারস্থ রাবেয়া সুপার মার্কেটর গলি জৈনক আশরাফ হার্ডওয়ারর

দোকানের সামনে।

এসময় আমদানী নিষিদ্ধ ভারতীয ৪৮ বোতল ফেন্সিডিল সহ অনিক বিশ্বাস
(২২) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করা হয়। সে দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন শ্যামপুর গ্রামের উত্তরপাড়ার নাছির উদ্দিনের ছেলে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় গতকাল শনিবার মামলা নং-২, ধারা-মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ সালের ৩৬ (১) সারণির ১৪ (খ) রুজু করে আসামীকে চুয়াডাঙ্গা আদালতের কোট হাজতে প্রেরন করা হয়েছে।

দর্শনা আন্তজার্তিক গেঁদে চেকপোস্ট দীর্ঘ ৩ বছর পর সব রকম ভিসা চালু

দীর্ঘ তিন বছর বন্ধ থাকার পর অবশেষে চালু হলো দর্শনা আন্তজার্তিক গেঁদে চেকপোষ্ট। গতকাল বৃহস্পতিবার ভারত সরকার স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিদেশী বিভাগ (আই.এমএম বিভাগ) এমডিসি এনএস, ইন্ডিয়া গেট, নিউ দিল্লি থেকে একটি স্বারকলিপি প্রদান করেন।

ল্যান্ড ইমিগ্রেশন চেক পোস্ট আই সি পি গেদে এবং মাহাদিপুর (পশ্চিমবঙ্গ) পুনরায় খোলা সংক্রান্ত বিষয়ে একটি চিঠি হাতে পেয়েছে ইমিগ্রেশন ও রাজশাহী হাই কমিশনার কতৃপক্ষ। এখন থেকে বাই রোড গেঁদে ভিসার অনুমোদন দিচ্ছে রাজশাহী বিভাগের দায়িক্তে থাকা ভারতীয় হাইকমিশনার।

দর্শনা চেকপোষ্টের ইনচার্জ এস আই আবু নাইম শেখ জানান, এতদিন বন্ধ থাকা দর্শনা আন্তর্জাতিক বন্দর দিয়ে সড়ক পথে যাতায়াতে বাংলাদেশী পাসপোর্ট ধারী যাত্রীদের জন্য রাজশাহী হতে টুরিষ্ট, মেডিকেল ও বিজনেস সহ সকল ধরনের ভিসা দেওয়া শুরু করেছে। যার ফলে এ

রুট দিয়ে এখন বৈধ ভাবে সকল যাত্রী যাতায়াত করতে পারবে বলে জানতে পেরেছি। তবে পুরোপুরি চালু হওয়ার ফলে কষ্ট লাগব হলো প্রায় ১৫ /২০ জেলা মানুষের। হাজার হাজার যাত্রী আসা যাওয়াতে দু’দেশের বন্ধন আরো সুদৃঢ হবে।

মহামারী করোনা সংক্রমণ দেখা দেয়ায় ২০২০ সালের ২৬ মার্চ দর্শনা আন্তর্জাতিক রেলবন্দরের মাধ্যমে ভারতীয় মালামাল আমদানি এবং স্থলপথে ভারত-বাংলাদেশের মধ্যে ট্যুরিস্টসহ সকল ভিসার পাসপোর্ট যাত্রীদের যাতায়াত পুরোপুরি স্থগিত করে দেয়। সেই থেকে দর্শনা আন্তজার্তিক চেকপোষ্ট বন্ধ হয়ে যায়। এই আন্তজার্তিক চেতপোষ্ট বন্ধ হওয়ার কারনে প্রায় ভোগান্তিতে পড়ে ১৫ /২০ জেলার মানুষ। সব শেষে গত বছরের ২৯ মে ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস দর্শনা আন্তর্জাতিক রেল স্টেশনের মাধ্যমে চলাচল শুরু করলেও অদ্যবদি দর্শনা-গেদে স্থলপথে বাংলাদেশীদের জন্য ট্যুরিস্ট ভিসা চালু হয়নি। তবে পুরোপুরি চেকপোষ্টটি চালু হলে লাভবান হবে সরকার।

উল্লেখ্য গতকাল বৃহস্পতিবার ভারতীয় মন্ত্রনালয় থেকে একটি চিঠি দিয়েছে। চিঠিতে যা লেখা আছে তা উল্লেখ করা হলো যাত্রী পরিবহনের জন্য ল্যান্ড আইপি গেছে এবং মাহাদীপুর পুনরায় চালু করার বিষয়টি নিশ্চিত করেন। মন্ত্রণালয়ে আরও বিবেচনা করা হয়েছে। সেই অনুযায়ী ল্যান্ড আইপি গেদে এবং মাহাদিপুর পুনরায় চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এই শিথিলতা সময়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের দ্বারা জারি করা স্বাস্থ্য/ কোভিট ১৯ প্রোটোকল মেনে চলার দাবি জানান।

পশ্চিমবঙ্গ সরকারকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রলয়ের জারি করা স্বাস্থ্য প্রোটোকলগুলি মেনে চলার জন্য ল্যান্ড আইসিপি ভেরি এবং মাহাদিপুরে পর্যাপ্ত সংখ্যক স্বাস্থ্যকর্মী করার জন্য অনুরোধ করেছে। বিদেশ মন্ত্রলয়ের সমস্ত বিদেশীদের বাধ্যতামূলক বায়োমেট্রিক নথিভুক্তি নিশ্চিত করতে এবং সব ধরণের ভিসা মঞ্জুর করা হয়েছে।

দর্শনায় তিন প্রতিষ্ঠানকে ৩৩ হাজার টাকা জরিমানা

দর্শনায় পৃথক স্থানে চুয়াডাঙ্গা জেলা ভোক্তাঅধিকার অভিযান পরিচালনা করে ৩ প্রতিষ্ঠানে ৩৩ হাজার টাকা জরিমানা আদায় করেছে।

সোমবার দুপুর ১টার দিকে পরিচালিত এ অভিযানে মুদিখানা, পোল্ট্রি ফিড, ঔষধ ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক দামুড়হুদা উপজেলার দর্শনা পুরাতন বাজার ও রুদ্রনগর এলাকায় অভিযান পরিচালিত হয়।

এ অভিযানে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের রুদ্রনগর এলাকায় মেসার্স সোহাগ স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকিকালে মেয়াদ উত্তীর্ণ পণ্য (পোল্ট্রি ফিড, কীটনাশক ও খাদ্যপণ্য) বিক্রয় ও প্রতিষ্ঠানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক সোহাগ রানাকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় ১৫ হাজার টাকা, একই এলাকায় মেসার্স লিমা স্টোরের মালিক জাহাঙ্গীর হোসেনকে প্রতিষ্ঠানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ৩৮ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

পরবর্তীতে দর্শনা পুরাতন বাজার এলাকায় মেসার্স মীম পোল্ট্রি কর্ণার নামক ডিলার প্রতিষ্ঠানে অভিযান পরিচালিত হয়। এসময় প্রতিষ্ঠানে মুরগি ও প্রাণীর মেয়াদ উত্তীর্ণ ঔষধ, ভিনেগার প্রদর্শন ও বিক্রয় করার অপরাধে মালিক মেহেদী হাসানকে ৫১ ধারায় ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। এ অভিযান পরিচালনা কালে অভিযুক্ত সবাইকে ভবিষ্যতের জন্য সতর্ক করে নির্দেশনা দেয়া হয় এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য জনসম্মুখে নষ্ট করা হয়।

পরবর্তীতে উপস্থিত জনসাধারণকে এ সকল বিষয়ে সচেতন ও লিফলেট বিতরণ করা হয়।

এসময় তিনি বলেন জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা ভোক্তাধিকার সংরক্ষণ অধিদপ্তর কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

অভিযানে সার্বিক সহযোগিতায় ছিলেন দর্শনা থানা পুলিশের একটি টিম।

দর্শনায় দুদিন ব্যাপি শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে মতবিনিময় সভা

“উনত রাষ্ট্রের অভিষ্ঠ লক্ষ্য পৌছাতে শিক্ষার কোন বিকল্প নেই” এই স্লোগানকে সামনে রেখে দুদিন ব্যাপি দর্শনায় প্রাথমিক শিক্ষক
- শিক্ষিকাদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

এ সভায় চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজলার (সদর উপজলার) আংশিক নির্বাচনি এলাকা ও সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৯ শত শিক্ষকদের নিয়ে চুয়াডাঙ্গা ২ আসনের এমপির আয়োজনে,দামুড়হুদা উপজলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবুর সার্বিক সহযাগিতায় দর্শনা অডিটারিয়াম প্রাঙ্গনে শিক্ষক-শিক্ষিকামন্ডলীর মধ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে মতবিনিময়সভা অনুষ্টিত হয়। এ মতবিনিময় সভায় দামুড়হুদা উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাকি সালামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় তার বক্তব্য বলেন, বর্তমান সরকার শিক্ষক শিক্ষিকাদের বেতন ভাতাসহ নানা ধরনের সুযোগ করে দিয়েছে। জাতির জনক বঙ্গবন্ধু একটি স্বপ্ন দেখেছিলেন একটি নিরক্ষর মুক্ত সোনার বাংলাদেশ।তারই সুযোগ্য কন্যা তার রেখে যাওয়া স্বপ্ন গুলো পৃরন করার জন্য দেশের মানুষের জন্য নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। আগে গ্রাম অন্ঝলে ছাত্র ছাত্রীরা স্কুলে যেতো না। এখন সরকার প্রত্যেক ছেলে মেয়েদের প্রতিমাসে কিছু টাকা দিচ্ছে।তাই আসুন আগামীতে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে দেশকে উন্নত রাষ্ট হিসাবে গড়ে তুলি।

তিনি আরও বলেন, শুধুমাত্র জিপিএ-৫ অর্জন করলেই একজন শিক্ষার্থী ভালা ছাত্র হয়ে যাবে আমরা এটা মনে করিনা। আমাদর লক্ষ্যে শিক্ষার গুণগত মান উন্নয়ন করা। যাতে শিক্ষার্থীরা সমাপনী পরীক্ষায় পাশ

করার পর উচ মাধ্যমিক ভর্তি হয় সেখানে পড়ালেখায় পূর্বের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। আরও লক্ষ্য রাখতে হবে আপনাদের পড়ালেখার পাশাপাশি খেলাধূলা, জাতীয় দিবসগুলা যথাযথ ভাবে পালন, অভিভাবক এবং মায়েদের সাথে নিয়মিত মতবিনিময়, দুর্বল শিক্ষার্থীদর প্রতি বিশেষ নজরদারী আপনাদেরকে গুরুত্বসহকারে দেখাশোনা করতে হবে।

বিশষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা, আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু বলেন, শিক্ষার্থীদের যোগ্য মানুষ হিসাবে গড়ে তুলতে হলে বিশেষ করে প্রাথমিক শিক্ষকদেরকে অবশ্যই সচেতন হতে হবে। তাদের সুন্দর ভবিষ্যতের জন্য শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক এবং অভিভাবকদর একযোগে কাজ করতে হবে।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, দৈনিক মাথাভাঙ্গা পত্রিকার প্রকাশক ও সম্পাদক সরদার আলামিন, সহকারী পুলিশ সুপার মুনা বিশ্বাস, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ,লীগর সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু, দর্শনা থানার অফিসার ইসচার্জ এ এইচ লুৎফুল কবীর, দামুড়হুদা উপজলা প্রাথমিক সহকারী শিক্ষা অফিসার নাসির উদ্দীন, নুরু ইসলাম, শাহারিয়ার কবির।

শিক্ষকদর মধ্যে থেক দিকনির্দেশনা মুলক বক্তব্য রাখেন, দর্শনা পুর্ব রামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারুণ অর রশিদ, দর্শনা কাস্টামস সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হেলেনা পারভীন।
পরিশেষে প্রধান অতিথি এ মতবিনিময় সমাবেশের আলাচনা সভায় শিক্ষকদের মধ্যে থেকে যেসব সূচিন্তিত মতামত, পরামর্শ ও দিক-নির্দশনা ও সরকারের শিক্ষার মান সমূহসহ উন্নয়নের চিত্র তুলে ধরেন।অনুষ্টানটি সার্বিক পরিচালনা করেন দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ।

দর্শনায় মুদি দোকানের দেয়াল ভেঙ্গে দুটি দোকানে চুরি

চুয়াডাঙ্গার দর্শনায় দুটি দোকানের দেয়াল ভেঙ্গে ও তালা ভেঙ্গে চুরি সংঘটিত হয়েছে। দর্শনা পৌর এলাকার পুরাতন বাজার রেলগেট মুল সড়কের পাশে ব্যস্ততম স্থান।

গতকাল শুক্রবার ভোরে আনিসুরের মুদি দোকানের ২০ ইঞ্চি দেওয়াল ভেঙ্গে চোর চক্র হানা দেয়। এ সময় দোকানের ক্যাশ বাক্স ভেঙ্গে নগদ ৭০ হাজার টাকা, ৫ লিটারের ১০টি সায়াবিন তেলের বোতল

বিভিন্ন ব্রান্ডের সিগারেট, সাবান, কাটুন ভর্তি এলাচ অন্যান্য মালামাল সহ প্রায় দুইলাখ টাকার মালামাল নিয়ে যায়। এছাড়া রাস্তার বিপরীত পাশের আতিয়ার রহমানের দোকানের তালা ভেঙ্গে বিভিন্ন ব্রান্ডের চাপাতি, সিগারটসহ অন্যান্য মালামাল নিয়ে যায়।

গতকাল শুক্রবার সকালে দর্শনা থানার এসআই রাম চদ্র সহ সঙ্গীয় ফার্স ঘটনাস্হল পরিদর্শন করেন। তিনি দাবী করেন- আমি নিজ রাত ২ টার দিকেও এই সড়কে টহল ছিলাম। ভোরে এঘটনা ঘটত পারে। এ বিষয় দাকানর মালিক আনিসুর রহমান দর্শনা থানায় একটি অভিযোগ দায়ের করেছে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির ঘটনার সত্যতা স্বীকার করে বলেন দেয়াল ভেঙ্গে চুরি করেছে। তবে আমরা সিসি ক্যামেরা দেখে চোর সনাক্তসহ প্রয়োজনীয় ব্যাবস্থা নেব।

দামুড়হুদার দর্শনায় রেলের ৬ দফা দাবিতে আল্টিমেটাম

চুয়াডাঙ্গা জেলার দামুুড়হুদা উপজেলার দর্শনায় ঢাকা গামী সুন্দরবন আপ ও চিত্রা ডাউনের যাত্রা বিরতি ২ টি ট্রেন পুনঃচালু করন সহ ৬ দফা দাবিতে ২৭ তারিখ পর্যন্ত আল্টিমেটাম না মানলে ১ মার্চ রেলপথ

অবরাধের কর্মসূচি দিয়ে লিফলেট বিতরণ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে দর্শনা রেলবাজার ও মুজিবনগর সড়ক লিফলেট বিতরণ করা হয়।

লিফলেট অনুষ্ঠানে নেতৃত্বে দেন দর্শনার জন্য আমরা সংগঠনের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা মোঃ আনারুল ইসলাম বাবু।

এসময় উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের সাবেক ছাত্র নেতা ইমরুল কাইয়ুম, দর্শনা জুয়েলারি সমিতির সাধারণ সম্পাদক অবনী সান্তরা মানা, মো রবিউল আলম বাবু, বীর মুক্তিযোদ্ধা আবুল বাসার, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাকিম, নাহিদুল ইসলাম আদন, সাব্বির হোসেন ইমন, আব্দুর রহমান রতন, কবিরুল হক লিপু, মিরাজুর রহমান মিরাজ প্রমুখ।

দর্শনায় বেগমপুরের রাঙ্গিয়ারপোতায় পুকুর খননে হুমকীর মুখে ঘর-বাড়ি

ভয়ংকর হুমকির মুখে চুয়াডাঙ্গার বেগমপুরের রাঙ্গিয়ারপোতা গ্রামের মাঝপাড়ার বাসিন্দারা। ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যানের একটি পুকুর খননের কারণে ঘটতে পারে বড় ধরনের দূর্ঘটনা।

যে কারণে আতঙ্কিত গ্রস্থ হয়ে রয়েছে পুকুরের চারি পাশে বসতবাড়ির বসবাসকারীরা। তবে চেয়ারম্যানের সকল অন্যায়কে ভয়ে মুখ বুঝে নীরব দর্শকের ভুমিকা পালন করছে স্থানীয় বাসিন্দারা।

বিষয়টি প্রশাসনিক ভাবে ব্যাবস্থা গ্রহণের দাবী জানিয়েছে স্থানীয় বাসিন্দা সহ সচেতন মহল।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা গ্রামের মাঝপাড়ার আব্দুল কাদেরের ছেলে দর্শনা থানা বিএনপির সাধারন সম্পাদক ও বেগমপুর ইউনিয়নের সাবেক

ইউপি চেয়ারম্যান আহম্মদ আলী বিশ্বাস নিজ বসত বাড়ির সন্নিকটে স্কেভেটর ভিড়িয়ে একটি পুকুর খনন করছে। সে পুকুরের মাটি ট্রাক্টর যোগে বিভিন্ন স্থানে বিক্রি হচ্ছে। এ পুরেরর মাটি বিক্রির কারণে অতি গভীর করে খনন করা হচ্ছে পুকুর। যে কারণে আশপাশের বাড়ি-ঘর পড়েছে হুমকীর মুখে। সেই সাথে চরম নিরাপত্তা হীনতা সহ আতঙ্কের মধ্যে রয়েছে বসবাসরত বাড়ির মানুষ জন।

এদিকে নামপ্রকাশ না করার সর্তে পুকুরের পাশে বসবাসরত একজন বলেন, চেয়ারম্যানের পুকুরের পাশে আমার বাড়ি। তাছাড়া পুকুরের চারিপাশে একাধিক ব্যাক্তির ইটের ও টিনের ঘর-বাড়ি রয়েছে। এখানে বসবাসরত ঘর-বাড়ির মাঝখানে এত গভীর করে একটি পুকুর খননের কারণে আমি সহ আশপাশের বাড়ির লোকজন হুমকীর মুখে রয়েছি। সেই সাথে স্ত্রী-সন্তান সহ পরিবারের সকলে নিয়ে আতঙ্কের মধ্যে রয়েছি। রাতে ঘুমালে মনে হয় কখন যেন ঘর-বাড়ি ভেঙ্গে পুকুরগর্ভে তলিয়ে যায় এবং প্রাণহানী ঘটে। তবে চেয়ারম্যান প্রভাবশালী হওয়ায় এতবড় অপরাধের প্রতিবাদ করার কেউ সাহস পাচ্ছেনা। তাই বিষয়টি প্রশাসনিক ভাবে ব্যাবস্থা গ্রহণের দাবী জানিয়েছে স্থানীয় বাসিন্দা সহ সচেতন মহল।

এ বিষয়ে আহম্মদ আলী বিশ্বাস বলেন, এ পুকুর খননের অনুমতি নেওয়া আছে ডিসি স্যারের।

বেগমপুর ইউনিয়ন (ভুমি) অফিসের সহকারী কর্মকর্তা সেলিম বলেন, পুকুর খননের বিষয়টি আমাদের জানা নেই। তবে অনুমতির বিষয়ে চেয়ারম্যান আহম্মদ আলীর ছেলে কয়েকদিন আগে কোন কাগজ এসেছে কিনা খোঁজ নিতে এসেছিল আমার কাছে। তবে কোন অনুমতি আছে কিনা আমার জানা নেই।

দর্শনায় কেরুজ ব্যারাকে পুলিশের মাদক বিরোধী অভিযানে

তিন শ্রমিকের কারাদন্ড

দর্শনা কেরুজ ষ্ট্যাফ কোয়ার্টারে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানা পুলিশ। গতকাল বুধবার রাত সাড়ে ৮টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীরের নের্তৃত্বে থানার সেকেন্ড অফিসার এসআই আহম্মেদ আলী বিশ্বাস, এসআই সোহেল ও এ এস আই বশির সহ সঙ্গীয় ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন কেরুজ ষ্ট্যাফ কোয়ার্টারের একটি কক্ষে।

এ অভিযানে কোয়ার্টারের একটি কক্ষে বসে মদ ও গাঁজা সেবনের অপরাধে ৩ জনকে আটক সহ মাদক সেবনকারীদের নিকট থাকা মাদকদ্রব্য মদ ও গাঁজা সেবনের সরঞ্জাম উদ্ধার করা হয়।

এরপর ঘটনাস্থলে বসানো হয় ভ্রাম্যমান আদালত। এ আটক ব্যাক্তিদের ভ্রাম্যমান আদালতে ২০১৮ সালের মাদকদ্রব্য আইনে ৩৬/১ ধারায় স্বরনীয় ৫ ধারা মোতাবেক প্রত্যেককে ১৫ দিনের কারাদন্ড ও ১ শত টাকা করে জরিমানা করা হয়।

এ ভ্রাম্যমান আদালত পরিচালনা এবং রায় প্রদান করেন আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সজল কুমার দাস। দন্ডপ্রাপ্তরা হলেন দর্শনা আনোয়ারপুরের রুহুল আমিনের ছেলে আশরাফ আলী (৪০), কেরুজ হাসপাতাল পাড়ার সবেদ খাঁর ছেলে সুজন (৩৫) ও কেরুজ পিও কোয়ার্টারের আব্দুর রহমানের ছেলে মাইনউদ্দিন লিটন (৪৫)।

পরে মাদক সেবনকারীদের নিকট হতে উদ্ধার হওয়া মদ ও গাঁজা সহ মাদক সেবনের সরোঞ্জাম ঘটনাস্থলেই আগুণে পুড়িয়ে ধ্বংশ করা হয়। সেই সাথে কারাদন্ডপ্রাপ্ত সকল আসামীকে পাঠানো হয় চুয়াডাঙ্গা জেলা কারাগারে।

দর্শনায় ১৪৭ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার ১

দর্শনায় ফেনসিডিল সহ ঝাঁঝাডাঙ্গার শাহজাহান (৩০) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গতকাল মঙ্গলবার রাত ১২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এসআই রাম প্রসাদ সরকার, এএসআই তুহিন হোসেন, এএসআই হাফিজুর রহমান ও সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযানন চালায় দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামস্থ ঘোনার মাঠগামী ইটের সলিং রাস্তার উত্তর পাশে।

এ সময় আজিতের ভূট্টা ক্ষেত হতে আমদানী নিষিদ্ধ ভারতীয় ১৪৭ বোতল ফেন্সিডিল সহ শাহজাহান (৩০) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেন। গ্রেফতার হওয়া মাদক ব্যাবসায়ী শাহজাহান দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঁঝাডাঙ্গা গ্রামের মৃত হযরত আলীর ছেলে।

গ্রেফতারকৃত আসামীসহ পলাতক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। । গতকালই শাহাজানকে ১৯৭৪ সালের মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।